

2016

BENGALI

( Major )

Paper : 5.5

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks  
for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও :

$1 \times 7 = 7$

- (ক) মহর্ষি কশের তপোবনে কোন् রাজা প্রবেশ করেছিলেন ?
- (খ) হেমকৃট পর্বতে কোন্ মহর্ষি তপস্যা করেন ?
- (গ) “তবে যদি কোন অভিজ্ঞান দর্শাইতে পারে, তাহার শাপমোচন হইবেক ।” ‘অভিজ্ঞান’ শব্দের অর্থ কী ?
- (ঘ) “বুঝিলাম, স্নেহ অতি বিষম বস্তু ।” বক্তা কে ?
- (ঙ) “কিয়ামতের দিন এসে গেছে ।” ‘কিয়ামত’ শব্দের অর্থ কী ?
- (চ) চেখফ কোন্ দেশের ছোটগল্পকার ?
- (ছ) তুলনামূলকভাবে নেতাজী ছাড়া জাপানিদের কাছে অন্য কোন্ ভারতীয় বিশেষভাবে পরিচিত ছিলেন ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

$$2 \times 8 = 8$$

- (ক) “বিনয় সদ্গুণের শোভা সম্পাদন করে, একথা আপনাতেই বিলক্ষণ বর্ণিয়াছে।” কে, কাকে একথা বলেছেন ?
- (খ) শকুন্তলার বিরহে শোকাকুল রাজার হাতে যে পরিচারিকা চিত্রফলক এনে দিয়েছিল, সেই পরিচারিকার নাম কী ? সেই চিত্রফলকে কী চিত্রিত ছিল ?
- (গ) ইরাণ দেশের সওদাগরের পালিত ভারতীয় তোতাটি জ্ঞানে ও রসে কাদের সমকক্ষ ছিল ?
- (ঘ) “সব মানুষেরই কিছু-না-কিছু পাগলামি থাকে, তোমার বুঝি মাত্তাভাষায় কথা না বলার ?” কে, কাকে একথা বলেছে ?

৩। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

$$5 \times 3 = 15$$

- (ক) ‘‘রঞ্জ কাহারও অব্যেষণ করে না, রঞ্জেরই অব্যেষণ সকলে করিয়া থাকে।’’ বজ্ঞা কে ? প্রসঙ্গ উল্লেখ করে বজ্ঞার এবং বজ্ঞবোর কারণ ব্যাখ্যা করো ।
- (খ) শকুন্তলার জন্মবৃত্তান্ত সংক্ষেপে বর্ণনা করো ।
- (গ) ‘‘অহে ঋষিকুমার ! তুমি কেন তপোবন-বিরুদ্ধ আচরণ করিতেছ ?’’ বজ্ঞা কে ? ‘‘ঋষিকুমার’’-এর প্রকৃত পরিচয় দাও এবং প্রসঙ্গ উল্লেখ করে বজ্ঞার এই বজ্ঞবোর কারণ নির্দেশ করো ।
- (ঘ) নেতাজীর কাছে জাপানের প্রত্যাশা ও সেই পরিপ্রেক্ষিতে নেতাজীর বজ্ঞবোর মধ্য দিয়ে নেতাজীর যে আত্মাভিমান ও গভীর অন্তর্দৃষ্টি ফুটে উঠেছে তা সংক্ষেপে ব্যাখ্যা করো ।

(ঙ) “তাই বলি, নটরাজের প্রত্যেকটি অঙ্গ-ভঙ্গির মত রবীন্দ্রনাথের গানের প্রত্যেকটি শব্দ।” লেখকের এই বক্তব্যাটি ব্যাখ্যা করে বুঝিয়ে দাও ।

৪। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ, প্রতি গুচ্ছ থেকে অন্তর একটি করে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও :  $10 \times 3 = 30$

ক—গুচ্ছ

(ক) ‘‘বক্তব্যকে প্রকাশ করাই সাহিত্যের উদ্দেশ্য নয়, তার মধ্যে লালিতা আছে, মাধুর্য আছে, সৌন্দর্যের উৎসারণ আছে।’’ ‘শকুন্তলা’ গ্রন্থে ভাষাশিল্পী বিদ্যাসাগর যে একথাকেই প্রমাণ করেছেন তা ‘শকুন্তলা’ গ্রন্থ অবলম্বনে বিচার করো ।

(খ) ‘‘অনসূয়া ও প্রিয়বন্দী—‘শকুন্তলা’ গ্রন্থে এরা পার্শ্বচরিত্র হলেও এরা আপন মহিমায় উন্নাসিত এবং কাহিনীর প্রথমাংশের অগ্রগতিতে অপরিহার্য ভূমিকা পালন করেছে।’’ চরিত্র দুটি বিশ্লেষণ করে উক্তিটির যাথার্থ্য প্রতিপন্থ করো ।

(গ) রাজা দুষ্যন্ত কীরাপে শকুন্তলাকে প্রত্যাখ্যান করেছিলেন, ‘শকুন্তলা’ গ্রন্থ অবলম্বনে তা বিস্তারিতভাবে আলোচনা করো ।

খ—গুচ্ছ

- (ক) ‘তোতা-কাহিনী’র কাহিনীটি সংক্ষেপে বর্ণনা করে সওদাগরের প্রতি তোতার বলা শেষ তত্ত্বটির উল্লেখ করে তার তাৎপর্য বিশ্লেষণ করো ।
- (খ) ‘মোপাসাঁ-চেখফ-রবীন্দ্রনাথ’ পাঠটি অবলম্বনে লেখক ছোটগল্পকার হিসাবে এঁদের যে বৈশিষ্ট্যগুলি তুলে ধরেছেন তা ব্যাখ্যা করো এবং কোন্ ক্ষেত্রে লেখক রবীন্দ্রনাথকে শ্রেষ্ঠ ছোটগল্পকার বলেছেন তা ব্যাখ্যা করে বোঝাও ।
- (গ) “‘উদারতা অসাম্প্রদায়িক অপক্ষপাত দৃষ্টিভঙ্গি মানব-প্রত্যয় তাঁর মধ্যে আছে, লঘু চঁচুল হাস্য পরিহাসের সঙ্গে হৃদয়ের অশ্রুমথিত বেদনার অপরূপ সমন্বয় ঘটেছে তাঁর রচনার মধ্যে।’” ‘বেদে’ পাঠটি অবলম্বনে সৈয়দ মুজতবা আলী সম্পর্কে এই অভিমত কতখানি প্রহণযোগ্য, আলোচনা করো ।

★ ★ ★